

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা।

নং- ৪৬.০০.০০০০.০৭০.০৪৭.১৯৫.২০১৩-৩০৮

তারিখঃ ০৯ মার্চ, ২০১৭ খ্রিঃ।

প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন অনুবিভাগের ২৬/০২/২০১৭ তারিখের ৪৬.০৬৭.০০৫.০০.০০.০১৩.২০০৮-১৭৯ নং প্রজ্ঞাপনমূলে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জনাব মোঃ শরীফ হোসেনকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী পদে পদায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন অনবিভাগে ন্যস্ত করা হয়েছে। উক্ত আদেশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে জনাব মোঃ শরীফ হোসেন, নির্বাহী প্রকৌশলী, এলজিইডিকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী পদে প্রেষণে পদায়ন করা হলোঃ

১. তিনি নিজ বেতনক্রম অনুযায়ী বেতন-ভাতাদি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে প্রাপ্য হবেন;
 ২. তিনি উক্ত পদের সংগে সম্পূর্ণ ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
 ৩. তিনি তাঁর জন্য প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা-প্রভিডেন্ট ফান্ড, গোষ্ঠী বীমা, কল্যাণ তহবিল ইত্যাদি প্রদান করবেন, এবং
 ৪. তাঁকে বিনা ভাড়ায় বাসস্থান প্রদান করা হলে বাড়ী ভাড়া বাবদ কোন ভাতা গ্রহণ করতে পারবেন না।
- ২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব

ফোন-৯৫৭৩৬২৫

নং- ৪৬.০০.০০০০.০৭০.০৪৭.১৯৫.২০১৩-৩০৮/১(১১)

তারিখঃ ০৯ মার্চ, ২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেঁজগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ৯। জনাব মোঃ শরীফ হোসেন, নির্বাহী প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব